গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশাসন-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০১৩.২৩.০০৩.১৭.৪০৬

তারিখ: ৬ চৈত্র ১৪৩০
২০ মার্চ ২০২৪

বিষয়: **২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃ মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২৪-০৮; তারিখ: ০৪.০৩.২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ এর জাতীয় কর্মসূচি প্রণয়ন এবং বাস্তবায়নের উদ্দেশ্যে বিভিন্ন কমিটি, উপ-কমিটি গঠন ও কমিটির দায়িত্ব নিরূপণ সংক্রান্ত গত ০১.০২.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

প্রশাসন বিভাগ
অতিঃ পরিঃ (প্রশাঃ) / উপ পরিঃ (সংস্থাপন) / উপ পরিঃ (পিপিটি) / উপ পরিঃ (ত ও মা) / প্রশাসনিক কর্মকর্তা
পরিচালক
তারিখ- 21 MAR 2024


২০-৩-২০২৪
শ্রাবন্তী রায়
উপসচিব
ফোন: +৮৮০২৫৫১০১২৪০
ফ্যাক্স: +৮৮০২৯৫১৫০২৪
ইমেইল: admin1@mofood.gov.bd


বিতরণ :

১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
২) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৩) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয়
৪) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), সেবা শাখা, খাদ্য মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০১৩.২৩.০০৩.১৭.৪০৬/১

তারিখ: ৬ চৈত্র ১৪৩০
২০ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়


২০-৩-২০২৪
শ্রাবন্তী রায়
উপসচিব

**একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহনপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(প্রশাসন-২ শাখা)
www.molwa.gov.bd

স্মারক নং ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২৪-০৮ তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে গত ০১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১২ (বারো) পাতা।

০৪/০৩/২০২৪
(মোঃ আমিনুর রহমান)
সহকারী সচিব (প্রশাসন-১)
টেলিফোন +৮৮০২২২৩৩৮৮২০১
info.molwa@yahoo.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/সেনাবাহিনী প্রধান বাংলাদেশ সেনাবাহিনী/নৌ-বাহিনী প্রধান, বাংলাদেশ নৌ-বাহিনী/বিমান বাহিনী প্রধান, বাংলাদেশ বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৪। নির্বাহী চেয়ারম্যান (সিনিয়র সচিব), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।
০৫। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
০৭। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সিনিয়র সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরেবাংলানগর, ঢাকা।
০৯। সিনিয়র সচিব ,জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
১০। সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সিনিয়র সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ৯১ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
১৩। সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমাবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১৬। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
১৭। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৮। রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১৯। প্রধানমন্ত্রীর সামরিক সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২০। জিওসি, ৯ পদাতিক ডিভিশন, সাভার সেনানিবাস, ঢাকা।
২১। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গ ভবন, ঢাকা।
২২। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৩। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪। সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
২৫। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগাঁরগাও, ঢাকা।
২৭। সচিব, ডাক টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩০। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২। সচিব, রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৩৬। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৮। সচিব, পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৯। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আগাঁরগাও, ঢাকা।
৪০। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪২। সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৪। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৫। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরেবাংলানগর, ঢাকা।
৪৬। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪৭। সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৮। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৯। সচিব, বাস্তবায়ন, পরিক্ষণ ও মূল্যয়ন বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা।
৫০। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫১। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৪। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৫। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৬। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৭। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৮। সচিব, সমাজকল্যান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৯। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলানগর ,ঢাকা।
৬০। সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬১। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়, ৭১-৭২, নিউ ইস্কাটন রোড, ঢাকা।
৬২। সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬৩। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬৪। সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
৬৫। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহা-পরিদপ্তর, ঢাকা/জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই), ঢাকা/বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা/আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা/কোষ্ট গার্ড, আগারগাঁও, ঢাকা।
৬৬। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা।
৬৭। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬৮। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/প্রধান স্থপিত, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।
৬৯। মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, ফুলবাড়িয়া, ঢাকা।
৭০। মহাপরিচালক, বিএনসিসি, উত্তরা, ঢাকা।

৭১। কারা মহা-পরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৭২। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, ঢাকা।
৭৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল, ঢাকা।
৭৪। বিভাগীয় কমিশনার (সকল)।
৭৫। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর/বাংলাদেশ টেলিভিশন, রামপুরা/বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৭৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৭৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা।
৭৮। প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা।
৭৯। জেলা প্রশাসক (সকল)।
৮০। পুলিশ সুপার, ঢাকা।
৮১। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা/ট্রাস্টি, মুক্তিযুদ্ধ যাদুঘর, আগারগাঁও, ঢাকা/নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা।
৮২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮৩। প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার, সেগুনবাগিচা, ঢাকা।
৮৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৮৫। সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮৬। অফিসার ইনচার্জ (সকল থানা)।

স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২০২৪- ০৮

তারিখ: ২০ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ
০৪ মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০২। সচিব-এর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-(যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের অবগতির জন্য)।
০৪। অফিস কপি।

৪/৩/২০২৪
(মোঃ আমিনুর রহমান)
সহকারী সচিব (প্রশাসন-১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
প্রশাসন-২ শাখা

বিষয়ঃ ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আ. ক. ম. মোজাম্মেল হক, এমপি<br>মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ০১-০২-২০২৪, বিকাল: ৩:০০ টা। |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬০৫)। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দ: পরিশিষ্ট 'ক'

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ. ক. ম. মোজাম্মেল হক, এমপি এঁর সভাপতিত্বে ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ এর জাতীয় কর্মসূচি প্রণয়ন এবং বাস্তবায়নের উদ্দেশ্যে বিভিন্ন কমিটি, উপ-কমিটি গঠন ও কমিটির দায়িত্ব নিরুপণের জন্য ০১-০২-২০২৪ তারিখে এক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

০২। সভাপতির অনুমতিক্রমে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আন্তঃমন্ত্রণালয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভার শুরুতে তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল বীর শহিদদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করে ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এ সভার মাধ্যমে কর্মসূচি নির্ধারণ করা হবে মর্মে সভাপতি সভাকে অবহিত করেন। তিনি এ দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন করার আহবান জানান। এ পর্যায়ে তিনি মাননীয় মন্ত্রী, জনাব আ. ক. ম মোজাম্মেল হক কে সূচনা বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান।

০৩। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ. ক. ম. মোজাম্মেল হক, এমপি শুরুতে সবাইকে স্বাগত ও অভিনন্দন জানান। বক্তব্যের শুরুতেই তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, যাঁর-জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। তিনি জানান, জাতির সর্বশ্রেষ্ঠ অর্জনই হচ্ছে মহান মুক্তিযুদ্ধ। তিনি সভাকে অবহিত করেন যে এবার পবিত্র রমজান মাসে ২৬ মার্চ উদযাপিত হবে বিধায় বঙ্গবন্ধু স্টেডিয়ামে যে শিশু কিশোর সমাবেশ অনুষ্ঠিত হয় উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে পরামর্শ করে অনুষ্ঠানটি নির্ধারণ করা হবে। সভাপতি পবিত্র রমজানের কথা বিবেচনা করে কর্মসূচি/সিদ্ধান্ত গ্রহণের প্রত্যাশা ব্যক্ত করেন।

০৪। এ পর্যায়ে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় পবিত্র রমজান মাসের পবিত্রতা বজায় রেখে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপনের নির্দেশনা প্রদান করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের প্রস্তাবিত কর্মসূচি পাঠ করার জন্য যুগ্মসচিব (প্রশাসন), জনাব রথীন্দ্রনাথ দত্তকে আহবান জানান।

০৫। সচিব মহোদয়ের অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন), জনাব রথীন্দ্রনাথ দত্ত সভায় মহান স্বাধীনতা দিবসের প্রস্তাবিত কর্মসূচি উপস্থাপন করেন।

অপর পৃষ্ঠা- ০২ দ্রষ্টব্য

০৬। সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৪ এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ উদযাপনের লক্ষ্যে নিম্নরূপ প্রস্তাবিত জাতীয় কর্মসূচি সর্বসম্মতিক্রমে প্রণয়ন করা হয়ঃ

**(ক) ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালন উপলক্ষে জাতীয় কর্মসূচিঃ**

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারীকর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ২৫-০৩-২০২৪ | জাতির উদ্দেশ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী। | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব/ মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, বাণী প্রণয়ন উপকমিটি। |
| ২. | ২০-৩-২০২৪ থেকে ২৫-৩-২০২৪ পর্যন্ত (সুবিধাজনক দিন/সময়ে) | স্কুল/কলেজ/মাদ্রাসা/ কারিগরি সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা | মন্ত্রিপরিষদ বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ। |
| ৩. | ২৫-৩-২০২৪ (দুপুর ১২.০০ টা থেকে ঢাকাসহ সকল সিটি কর্পোরেশনের মিনিপোলগুলোতে গণহত্যার ভয়াবহতার চিত্র প্রচার) | গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনী | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন (সকল) এবং পৌরসভা (সকল)। |
| ৪. | ২৫-৩-২০২৪ সকাল ১০-০০ টা (সুবিধাজনক সময়ে) | ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ৫. | ২৫-৩-২০২৪ বাদ জোহর/সুবিধাজনক সময়ে | সারাদেশে ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/প্রার্থনা | মন্ত্রিপরিষদ বিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ৬. | ২৫-৩-২০২৪ (দিনের বেলা সুবিধাজনক সময়ে) | গণহত্যা ও মুক্তিযুদ্ধ বিষয়ক গীতিনাট্য/সাংস্কৃতিক অনুষ্ঠান | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, শিল্পকলা একাডেমি, শিশু একাডেমি, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ৭. | ২৫-৩-২০২৪ (রাত ১০.০০ থেকে ১০.০১ মিনিট পর্যন্ত) | সারাদেশে প্রতীকী ব্ল্যাক-আউট ০১ (এক) মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) | মন্ত্রিপরিষদ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, বিদ্যুৎ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ৮. | ২৫-৩-২০২৪ তারিখ দিবাগত রাতে আলোকসজ্জা করা যাবে না। | গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা। (কোন ক্রমেই ২৫/০৩/২০২৩ তারিখ আলোকসজ্জা করা যাবে না)। | গণপূর্ত অধিদপ্তর, বিদ্যুৎ বিভাগ, সিটিকর্পোরেশন (সকল), বেসরকারি ভবনের মালিক/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ৯. | ২৫-৩-২০২৪ তারিখ সকাল ১০:০০ টা অথবা সুবিধাজনক সময়ে) | গণহত্যা ও মুক্তিযুদ্ধ বিষয়ক সেমিনার | পররাষ্ট্র মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ জাদুঘর। |

অপর পৃষ্ঠা-৩ দ্রষ্টব্য

(খ) ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচিঃ

| ক্র মি ক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ২৬-০৩-২০২৪ | জাতির উদ্দেশ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী। | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব/ মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। |
| ২. | ২৬-০৩-২০২৪ | সাধারণ ছুটি ঘোষণা<br>(দিবসের কর্মসূচিতে সকলের অংশগ্রহণের সুবিধার্থে) | জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| ৩. | ২৬-০৩-২০২৪ | ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)<br><br>খ) বিদেশে অবস্থানরত মিশন, সিটি কর্পোরেশন (সকল) এবং ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন। (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) | ক) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ভবনের মালিক।<br><br>খ) মন্ত্রিপরিষদ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষাসেবা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল।<br>বিঃদ্রঃ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিটিভি, বেতার ও বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা উত্তোলনের বিধি-বিধান জনসাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। |
| ৪. | ২৫-৩-২০২৪ তারিখ দিবাগত রাতে আলোকসজ্জা করা যাবে না। ২৬/০৩/২০২৪ সন্ধ্যা থেকে আলোকসজ্জা করা যাবে। | গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা। | গণপূর্ত অধিদপ্তর, বিদ্যুৎ বিভাগ, সিটিকর্পোরেশন (সকল), বেসরকারি ভবনের মালিক/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ৫. | ২৬-৩-২০২৪ | ক) ঢাকায় প্রত্যুষে একত্রিশবার তোপধ্বনি।<br>খ) জেলা ও উপজেলায় প্রত্যুষে একত্রিশবার তোপধ্বনি। | ক) সশস্ত্র বাহিনী বিভাগ<br>খ) জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী অফিসার, থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা। |
| ৬. | ২৬-০৩-২০২৪ (ভোর ৫.৫৬ সম্ভাব্য) আবহাওয়া অধিদপ্তর হতে সূর্যোদয়ের সঠিক সময় প্রাপ্তি সাপেক্ষে | সূর্যোদয়ের সাথে সাথে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ। | রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, বিভাগীয় কমিশনার, ঢাকা, ডিআইজি, ঢাকা রেঞ্জ, জেলা প্রশাসক, ঢাকা, পুলিশ সুপার, ঢাকা। |
| ৭. | ২৬-৩-২০২৪ (ভোর ৬:০৫ সম্ভাব্য) | (ক) সাভার জাতীয় স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ।<br>(খ) বাংলাদেশে অবস্থিত বিদেশী কূটনীতিকদের সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ। | (ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল।<br>(খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়। |

অপর পৃষ্ঠা-য় সদয় দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| ৮. | (মাননীয় প্রধানমন্ত্রীর নির্ধারিত তারিখ ও সময়ে) | স্বাধীনতা পুরস্কার প্রদান। | মন্ত্রিপরিষদ বিভাগ। |
| ৯. | ২৬/০৩/২০২৪ সকাল ৮:০০ টায় | বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোর সমাবেশ। | জেলা প্রশাসন, ঢাকা। |
| ১০. | ২৬-০৩-২০২৪ সকাল ৮.০০ টায় | দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকালে কুচকাওয়াজ, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় সংগীত পরিবেশন, ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান এবং ডিসপ্লে প্রদর্শন। | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ১১. | ২৩-০৩-২০২৪ থেকে ৩১-০৩-২০২৪ | সমরাস্ত্র প্রদর্শনী | এ বছর সমরাস্ত্র প্রদর্শনী অনুষ্ঠিত হবে। এ বিষয়টি প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং সশস্ত্র বাহিনী বিভাগের সাথে আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হতে পারে। প্রতিরক্ষ মন্ত্রণালয় ও সশস্ত্র বাহিনী বিভাগ। |
| ১২. | ২৬-০৩-২০২৪ (সুবিধাজনক সময়ে) | নৌকা বাইচ (যেখানে সম্ভব/কাবাডি ফেডারেশনের ব্যবস্থাপনায় কাবাডি প্রতিযোগিতা আয়োজন। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, নৌ পরিবহন মন্ত্রণালয়/ফায়ার সার্ভিস, জাতীয় ক্রীড়া পরিষদ, জেলা প্রশাসক (সকল), কাবাডি ফেডারেশন, রোয়িং ফেডারেশন। |
| ১৩. | ২৬-০৩-২০২৪ | ক) ঢাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানসমূহে এবং পদ্মা বহুমুখী সেতুর পার্শ্বে সেনাবাহিনী, নৌ-বাহিনী, বিমান বাহিনী, বিজিবি, কোস্টগার্ড, পুলিশ, আনসার ও ভিডিপি'র বাদকদল কর্তৃক বাদ্য পরিবেশন।<br>খ) ২৬ মার্চ ২০২৪ তারিখ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গণযোগাযোগ অধিদপ্তর কর্তৃক সোহরাওয়ার্দী উদ্যানের উন্মুক্ত নাট্যমঞ্চ (অ্যাম্পিথিয়েটার) থেকে ভ্রাম্যমান ট্রাকে রাজধানীর বিভিন্ন এলাকায় এবং সদরঘাট থেকে আশুলিয়া পর্যন্ত নৌ পথে বিশিষ্ট শিল্পীগণের অংশগ্রহণে দেশাত্মবোধক সংগীত পরিবেশন। | ক) সশস্ত্র বাহিনী বিভাগ, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ।<br>খ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/গণযোগাযোগ অধিদপ্তর। |
| ১৪. | ২৬-৩-২০২৪ | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে জাতীয় পতাকা উত্তোলন, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন এবং বিদেশি পত্র-পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র (সংশ্লিষ্ট দেশের ভাষা ও ইংরেজিসহ) প্রকাশ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ। |
| ১৫. | ০১-৩-২০২৪ থেকে ৩১-৩-২০২৪ | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাসভিত্তিক অনুষ্ঠানমালা প্রচার। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সমপ্রচার মন্ত্রণালয়, বিটিভি, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, ডিএফপি, গণযোগাযোগ অধিদপ্তর। |

অপর পৃষ্ঠা-৫ সদয় দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| ১৬. | ২৬-৩-২০২৪ | সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র এবং পোস্টার প্রকাশ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর। |
| ১৭. | ২৬-৩-২০২৪ (সুবিধাজনক সময়ে) | জাতির শান্তি, সমৃদ্ধি দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা, ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/প্রার্থনা। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট। |
| ১৮. | ২৬-৩-২০২৪ থেকে ৩০-০৩-২০২৪ তারিখ পর্যন্ত | ক) "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন" বিষয়ে আলোচনা।<br>খ) জাতীয় পর্যায়ে রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন।<br>গ) সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিকাল ৪.০০ টায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা ও ইফতার মাহফিলের আয়োজন। | ক) মন্ত্রণালয়/বিভাগ (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।<br>খ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।<br>গ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ১৯. | ২৬-৩-২০২৪ | দেশের সকল হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার, পথশিশু পুনর্বাসন কেন্দ্র, প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম, ভবঘুরে প্রতিষ্ঠান ও শিশু দিবাযত্ন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| ২০. | ২৬-০৩-২০২৪ | চট্টগ্রাম, খুলনা ও মংলা বন্দর ও পায়রা বন্দর ঢাকার সদরঘাট, নারায়নগঞ্জের পাগলা, বরিশাল ও চাঁদপুর বিআইডব্লিউটিএ ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও কোস্টগার্ডের জাহাজসমূহ পবিত্র রমজানের কারণে বেলা ১২:০০টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা। | সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ নৌ-বাহিনী কোস্ট গার্ড, নৌ-পরিবহন মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ। |
| ২১. | ২৬-০৩-২০২৪ | ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ। | স্থানীয় সরকার বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, রেলপথ মন্ত্রণালয়, সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ২২. | ২৬-০৩-২০২৪ | জেলা ও উপজেলা সদরে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান | জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রশাসক, মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল। |
| ২৩. | ২৬-০৩-২০২৪ (সুবিধাজনক সময়ে) | জাতীয় ও জেলা পর্যায়ে মহিলাদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধভিত্তিক আলোচনা সভা, বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক নির্ধারিত সময়ে মুক্তিযুদ্ধভিত্তিক শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, শিশু একাডেমি ও জাতীয় মহিলা সংস্থা। |

অপর পৃষ্ঠা-৬ সদয় দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| ২৪. | ২৬-০৩-২০২৪ | দেশের সকল শিশু পার্ক, বোটানিক্যাল গার্ডেন, চিড়িয়াখানা, বঙ্গবন্ধু নভো থিয়েটার, জাতীয় জাদুঘর, বঙ্গবন্ধু সামরিক জাদুঘর, বিমান বাহিনী যাদুঘর, নৌ-বাহিনী জাদুঘর, বঙ্গবন্ধু সাফারী পার্ক, মুক্তিযুদ্ধ জাদুঘর, পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর, বিজিবি জাদুঘর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, স্বাধীনতা জাদুঘর, খুলনা গণহত্যা জাদুঘর, কর্তৃক শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা করা। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশ, সিটি কর্পোরেশন (সকল), জেলা পরিষদ ও জেলা প্রশাসক (সকল), সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট পৌরসভা। |
| ২৫. | ০১-৩-২০২৪ থেকে ২৩-৩-২০২৪ | ক) জেলা এবং উপজেলা পর্যায়ে প্রদর্শনী ফুটবল ম্যাচ/দেশীয় খেলার আয়োজন।<br>খ) প্রদর্শনী ক্রিকেট/ভলিবল ম্যাচের আয়োজন। | ক) মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, বাংলাদেশ ফুটবল ফেডারেশন।<br>খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, বাংলাদেশ ক্রিকেট বোর্ড। |
| ২৬. | ২৬-৩-২০২৪ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে স্মারক ডাক টিকিট প্রকাশ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ ডাক অধিদপ্তর। |
| ২৭. | ২৬-০৩-২০২৪ (সুবিধাজনক সময়ে) | বাংলা একাডেমি, শিল্পকলা একাডেমি, নজরুল ইন্সটিটিউট, জাতীয় জাদুঘর, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক ইন্সটিটিউট, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কালচারাল একাডেমি, বিরিশিরি (নেত্রকোনা), মনিপুরী একাডেমি, মুক্তিযুদ্ধ জাদুঘর, বাংলাদেশ পুলিশ সাংস্কৃতিক পরিষদ, ছায়ানট, উদীচি, সম্মিলিত সাংস্কৃতিক জোট এবং বুলবুল ললিতকলা একাডেমি ইত্যাদি বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন কর্তৃক জেলা ও উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, বাংলা একাডেমি, শিল্পকলা একাডেমি, নজরুল ইন্সটিটিউট, জাতীয় জাদুঘর, ইসলামিক ফাউন্ডেশন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক ইন্সটিটিউট, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কালচারাল একাডেমি, বিরিশিরি (নেত্রকোনা), মনিপুরী একাডেমি, মুক্তিযুদ্ধ জাদুঘর, ছায়ানট, উদীচি, বুলবুল ললিতকলা একাডেমি, সম্মিলিত সাংস্কৃতিক জোট কর্তৃপক্ষ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২৮. | ২৬-০৩-২০২৪ | ঢাকাসহ দেশের সব জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহে বিনা টিকিটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তনে, উন্মুক্ত স্থানে মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন। | প্রতিরক্ষা মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |

৭.০। সভায় উপস্থিত সদস্যগণের সার্বিক আলোচনা ও পর্যালোচনায় উত্থাপিত মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালন উপলক্ষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৭.১. খসড়া জাতীয় কর্মসূচি (ক্রমিক ১ থেকে ৭ পর্যন্ত) অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়;

৭.২. যথাসময়ে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অপর পৃষ্ঠা-৭ সদয় দ্রষ্টব্য

৭.৩. আগামী ০১-০৩-২০২৪ থেকে ২৫-০৩-২০২৪ তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে স্কুল/কলেজ/মাদ্রাসা/কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভার আয়োজন করতে হবে। শিক্ষা মন্ত্রণালয়কে এ বিষয়ে প্রতিবেদন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৭.৪. ২৫-০৩-২০২৪ তারিখ দুপুর ১২.০০ টা থেকে ঢাকাসহ সকল সিটি কর্পোরেশনের মিনিপোলগুলোতে গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করতে হবে;

৭.৫. ২৫-০৩-২০২৪ তারিখ সারাদেশে ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বাদ যোহর/সুবিধাজনক সময়ে সকল মসজিদে বিশেষ মোনাজাত এবং অন্যান্য উপাসনালয়গুলোতে সুবিধাজনক সময়ে প্রার্থনার আয়োজন করতে হবে;

৭.৬. ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসগুলোতে আলোচনা সভার আয়োজন করতে হবে;

৭.৭. ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ এর গুরুত্ব তুলে ধরে সরকারি/বেসরকারি টেলিভিশন চ্যানেলগুলোতে মাসব্যাপী কর্মসূচি গ্রহণ করতে হবে;

৭.৮. সারাদেশে প্রতীকী ব্ল্যাক-আউট (১০.০০ হতে ১০.০১ মিনিট পর্যন্ত ১ মিনিট) এর বিষয়ে সরকারি/বেসরকারি টেলিভিশন চ্যানেলগুলোর স্ক্রলে ব্রেকিং নিউজ হিসেবে প্রচার করতে হবে। এক্ষেত্রে বাংলাদেশে অবস্থিত বিদেশি মিশনসমূহে ব্ল্যাক আউট প্রযোজ্য হবে না।

৮.০। সভায় উপস্থিত সদস্যগণের সার্বিক আলোচনা ও পর্যালোচনায় উত্থাপিত মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৮.১. খসড়া জাতীয় কর্মসূচি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়;

৮.২. কর্মসূচিসমূহ বাস্তবায়নের জন্য গঠিত বিভিন্ন কমিটি ও উপকমিটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়;

৮.৩. যথাসময়ে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাণী প্রণয়নের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বানী সংযোজন করতে হবে;

৮.৪. সূর্যোদয়ের সাথে সাথে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানটি যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৮.৫. ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে সকল সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে জাতীয় পর্যায়ে রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করতে হবে। জেলা পর্যায়ে অনুষ্ঠেয় এ সংক্রান্ত সভায় রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার বিষয় নির্ধারণ করবে। ঘোষণাকৃত সাধারণ ছুটির দিনে সকল কর্মকর্তা/কর্মচারীকে রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে;

৮.৬. সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলনের ক্ষেত্রে People's Republic of Bangladesh Flag Rules, 1972 মোতাবেক সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলন করতে হবে। বিষয়টি পত্র-পত্রিকায় এবং বেতার টেলিভিশনের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৮.৭. আগামী ২৬-০৩-২০২৪ তারিখ সন্ধ্যা থেকে গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা করতে হবে;

৮.৮. ঢাকায় প্রত্যুষে এবং দেশের সকল জেলা ও উপজেলায় একত্রিশবার তোপধ্বনির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে করতে হবে;

৮.৯. পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে স্মৃতিসৌধের অভ্যন্তরে অতিথিদের দাঁড়ানোর জায়গার পরিধি অনুযায়ী আমন্ত্রিত অতিথির সংখ্যা সীমিত রাখতে হবে;

৮.১০. পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের প্রটোকল দেয়ার জন্য মন্ত্রণালয়ের পাশাপাশি ৯ পদাতিক ডিভিশনের প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে;

৮.১১. পবিত্র রমজান মাসের পবিত্রতা বজায় রেখে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন করতে হবে;

৮.১২. সাভার জাতীয় স্মৃতিসৌধে যাওয়া আসার পথে বৃহদাকারের তোরণ, ব্যানার, ফেস্টুন নির্মাণ না করার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য জননিরাপত্তা বিভাগকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়;

অপর পৃষ্ঠা-৮দ্রষ্টব্য

৮.১৩. সাভার জাতীয় স্মৃতিসৌধের প্রয়োজনীয় মেরামত ও সংস্কারসহ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ চলমান রেখে নির্ধারিত সময়ের পূর্বেই সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। ঢাকা-সাভার মহাসড়কটি সংস্কার, পরিচ্ছন্ন ও সড়কদ্বীপে রং করতে হবে;

৮.১৪. জাতীয় গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা দিবসের অন্যান্য অনুষ্ঠানের সময়সূচি নির্ধারণের জন্য স্বাধীনতা পুরস্কার প্রদান অনুষ্ঠানের সময়সূচি নির্ধারণ হওয়ার সাথে সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

৮.১৫. মার্চ ২০২৪ মাসের প্রথম সপ্তাহের মধ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ে ক্রোড়পত্র প্রেরণ করতে হবে;

৮.১৬. বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জল ইতিহাসভিত্তিক অনুষ্ঠানমালা প্রচারের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। মার্চ মাসে কোন্ চ্যানেল/বেতার কত সময় ধরে অনুষ্ঠান প্রচার করে তা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে মনিটরিং করতে হবে এবং প্রতিবেদন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৮.১৭. দায়িত্বপ্রাপ্ত সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তরকে জাতীয় কর্মসূচি যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৮.১৮. উল্লিখিত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সমন্বয়কের ভূমিকা পালন করবে।

৯.০। আগামি ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবসের জাতীয় কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ২টি কমিটি এবং ২টি উপকমিটি গঠনের প্রস্তাব করা হয়ঃ

(ক) <u>২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন সংক্রান্ত স্টিয়ারিং কমিটিঃ</u>

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ১। | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | আহবায়ক |
| ২। | মন্ত্রিপরিষদ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ৩। | সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ৪। | সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ৫। | সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ৬। | সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | | সদস্য |
| ৭। | সিনিয়র সচিব, জননিরাপত্তাবিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ৮। | সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ৯। | সিনিয়র সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ১০। | সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ১১। | সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচারমন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ১২। | সচিব, মহামান্য রাষ্ট্রপতিরকার্যালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ১৩। | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ১৪। | সচিব, অর্থ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ১৫। | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ১৬। | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ১৭। | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ১৮। | সচিব, যুব ও ক্রীড়ামন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ১৯। | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ২০। | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ২১। | সচিব, প্রাথমিকওগণশিক্ষামন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ২২। | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| ২৩। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |

অপর পৃষ্ঠা-৯ সদয় দ্রষ্টব্য

২৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
২৫। সচিব, বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়েল একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
২৬। সচিব, বেসামরিক বিমান, পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
২৭। সচিব, সমাজকল্যাণমন্ত্রণালয়য়েরএকজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
২৮। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
২৯। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
৩০। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
৩১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
৩২। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
৩৩। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
৩৪। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
৩৫। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
৩৬। সচিব, স্থানীয় সরকার বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
৩৭। সচিব, কৃষি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
৩৮। সচিব, ভূমি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
৩৯। সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
৪০। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদা সম্পন্ন) - সদস্য
৪১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর - সদস্য
৪২। প্রধান প্রকৌশলী, স্থানীয়সরকারপ্রকৌশলঅধিদপ্তর - সদস্য
৪৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ - সদস্য
৪৪। প্রধানস্থপতি, স্থাপত্য অধিদপ্তর - সদস্য
৪৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর - সদস্য
৪৬। বিভাগীয় কমিশনার, ঢাকা - সদস্য
৪৭। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর - সদস্য
৪৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন - সদস্য
৪৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন - সদস্য
৫০। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল - সদস্য
৫১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট - সদস্য
৫২। প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল - সদস্য
৫৩। সশস্ত্র বাহিনী বিভাগের একজন প্রতিনিধি - সদস্য
৫৪। মহা-পুলিশ পরিদর্শক এর একজন প্রতিনিধি - সদস্য
৫৫। এ্যাডজুটেন্ট-জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনীর একজন প্রতিনিধি - সদস্য
৫৬। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের একজন প্রতিনিধি - সদস্য
৫৭। জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের একজন প্রতিনিধি - সদস্য
৫৮। পুলিশ কমিশনার, ডিএমপি-এর একজন প্রতিনিধি - সদস্য
৫৯। মহান স্বাধীনতা ও জাতীয়দিবস ২০২৪ উদযাপন সংক্রান্ত উপ-কমিটির সকলআহবায়ক - সদস্য
৬০। জেলা প্রশাসক, ঢাকা - সদস্য
৬১। পুলিশ সুপার, ঢাকা - সদস্য
৬২। বাংলাদেশ স্কাউটসের একজন উপযুক্ত প্রতিনিধি - সদস্য
৬৩। যুগ্মসচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় - সদস্য সচিব

অপর পৃষ্ঠা-১০ সদয় দ্রষ্টব্য

কমিটির কার্যপরিধি

(ক) কমিটি ২৫ মার্চ গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের সকল কর্মসূচি বাস্তবায়নে সার্বিক তত্ত্বাবধান এবং সমন্বয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**(খ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপনে সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণ ব্যবস্থাপনা কমিটিঃ**

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ১। | জিওসি ৯ পদাতিক ডিভিশন, বাংলাদেশ সেনাবাহিনী, সাভার, ঢাকা | - | আহবায়ক |
| ২। | রাষ্ট্রপতির কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৩। | প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | মন্ত্রিপরিষদ বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫। | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | জননিরাপত্তা বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৮। | সুরক্ষা সেবা বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৯। | সশস্ত্র বাহিনী বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১০। | এ্যাডজুটেন্ট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১১। | বাংলাদেশ নৌ-বাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১২। | বাংলাদেশবিমানবাহিনীরএকজনউপযুক্তপ্রতিনিধি | - | সদস্য |
| ১৩। | মহা-পুলিশ পরিদর্শকের একজন উপযুক্ত প্রতিনিধি (এসবি) | - | সদস্য |
| ১৪। | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৫। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপদ বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৬। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৭। | প্রশাসক বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল | - | সদস্য |
| ১৮। | উপ-মহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ | - | সদস্য |
| ১৯। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), ঢাকা | - | সদস্য |
| ২০। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ২১। | জেলা প্রশাসক, ঢাকা | - | সদস্য |
| ২২। | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ২৩। | প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার, গণপূর্ত অধিদপ্তর | - | সদস্য |
| ২৪। | উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা | - | সদস্য |
| ২৫। | রেঞ্জ কমান্ডার, আনসার ও ভিডিপি, ঢাকা | - | সদস্য |
| ২৬। | কমিটির আহবায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

(ক) সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণের সার্বিক কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

অপর পৃষ্ঠা-১১সদয়দ্রষ্টব্য

(গ) ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপনে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রণয়ন এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসের তাৎপর্যের উপর আলোচনা ও সংবাদপত্রসমূহে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত উপ-কমিটিঃ

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ১। | অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | - | আহবায়ক |
| ২। | রাষ্ট্রপতির কার্যালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৩। | প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৫। | তথ্য অধিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | গণযোগাযোগ অধিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৮। | বাংলাদেশ টেলিভিশনের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৯। | বাংলাদেশ বেতারের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ১০। | মুক্তিযুদ্ধ জাদুঘরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ১১। | চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |

উপ-কমিটির কর্মপরিধিঃ

(ক) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি/মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রণয়ন এবং প্রচারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(খ) ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ;

(গ) সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র/পোষ্টার প্রকাশ;

(ঘ) বাংলাদেশের জাতীয় পতাকার সঠিক মাপ ও রং ঠিক রেখে জাতীয় পতাকা উত্তোলনের বিধিবিধান জনসাধারণের জ্ঞাতার্থে বেতার ও টেলিভিশনে সম্প্রচারের ব্যবস্থা;

(ঙ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে প্রস্তুতির জন্য ২৩ থেকে ২৫ মার্চ ২০২৪ জাতীয় স্মৃতিসৌধ বন্ধ রাখার বিষয়টি জনগনকে অবহিতকরণের নিমিত্ত প্রচারের ব্যবস্থা;

(চ) কোন অতিরিক্ত সচিবকে আহবায়ক হিসেবে দায়িত্ব প্রদান করা হবে তা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় নির্ধারণ করবে;

(ছ) ২৫-০৩-২০২৪ তারিখে সারাদেশে রাত ১০.০০ থেকে ১০.০১ পর্যন্ত ০১ মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) এর বিষয়টি জনগণকে অবহিতকরণের নিমিত্ত প্রচারের ব্যবস্থা।

(জ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

অপর পৃষ্ঠা-১২সমগ্রষ্টব্য

(ঘ) ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপনে ঢাকাস্থ আইন-শৃঙ্খলা ব্যবস্থাপনা সংক্রান্ত উপ-কমিটিঃ

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ১। | পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা। | - | আহবায়ক |
| ২। | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি (রাষ্ট্রাচার অনুবিভাগ) | - | সদস্য |
| ৩। | সশস্ত্র বাহিনী বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫। | বিদ্যুৎ বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৮। | ডিআইজি, ঢাকার একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৯। | জেলা প্রশাসক, ঢাকার একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১০। | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ১১। | ডিজিএফআই এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১২। | এনএসআই এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৩। | স্পেশাল ব্রাঞ্চের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৪। | জেলা কমান্ডার, আনসার ও ভিডিপি, ঢাকা | - | সদস্য |
| ১৫। | র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান সদর দপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৬। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৭। | আহবায়ক মনোনীত একজন কর্মকর্তা | - | সদস্য সচিব |

উপ-কমিটির কার্যপরিধিঃ

(ক) কমিটি মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে ট্রাফিক নিয়ন্ত্রণ এবং নিরাপত্তা ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় বিষয় তত্ত্বাবধান ও সমন্বয় করবে।

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

সভাপতি জানান যে এ খসড়া জাতীয় কর্মসূচি মাননীয় প্রধানমন্ত্রীর নিকট অনুমোদনের নিমিত্ত প্রেরণ করা হবে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পর কর্মসূচি সম্পর্কিত সিদ্ধান্ত সকলকে অবহিত করা হবে। সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে ২৫ মার্চ ২০২৪ গণহত্যা দিবস ও ২৬ মার্চ ২০২৪ মহান স্বাধীনতা দিবস এর সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় বাস্তবায়নে সকলের সহযোগিতার আশাবাদ ব্যক্ত করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আ. ক. ম মোজাম্মেল হক, এমপি)

মন্ত্রী

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।